

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ, ২২ আষাঢ়, ১৪১২/৬ জুলাই, ২০০৫

এস.আর.ও নং ২০৮-আইন/আয়কর/২০০৫ —Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১লা জুলাই, ২০০৫ হইতে ৩০শে জুন, ২০০৮ এর মধ্যে বেসরকারি খাতে প্রতিষ্ঠিত হাসপাতালের (newly established hospital) সম্পূর্ণ আয়কে নিম্নবর্ণিত শর্তাধীনে, পাঁচ বৎসরের জন্য, আয়কর হইতে অব্যাহতি দান করিল, যথা:-

- (ক) হাসপাতালটি Companies Act, 1913 (VII of 1913) অথবা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত কোন কোম্পানীর মালিকানাধীন হইতে হইবে;
- (খ) হাসপাতালটি নিজস্ব জমিতে নির্মিত হইতে হইবে;
- (গ) সাধারণ হাসপাতালের ক্ষেত্রে কমপক্ষে দুইশতটি শয্যা এবং হস্তরোগ, কিডনী ও ক্যাপ্সার রোগের জন্য বিশেষায়িত হাসপাতালের (specialised hospital) ক্ষেত্রে পঞ্চাশটি শয্যা থাকিতে হইবে;
- (ঘ) দশ শতাংশ শয্যা গরীব রোগীদের বিনামূল্যে চিকিৎসার জন্য নির্দিষ্ট রাখিতে হইবে।

০২। এই প্রজ্ঞাপনের অধীন কর হইতে অব্যাহতিপ্রাপ্ত হাসপাতালের মালিক অব্যাহতির সহিত সম্পৃক্ত আয় বৎসরের জন্য সংশ্লিষ্ট ডেপুটি কমিশনার অব ট্যাক্সেস এর নিকট আয়কর রিটার্ন, হিসাবের বিবরণী ও প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করিবে এবং ডেপুটি কমিশনার অব ট্যাক্সেস উক্ত Ordinance এর sections 28 এবং 29 এর অধীন উক্ত মালিকের অন্যান্য আয়, যদি থাকে, সহ হাসপাতালের আয় নিরূপণ করতঃ কর নির্ধারণী কার্য সম্পন্ন করিবেন।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.itri.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
এ এস জহির মোহাম্মদ
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)